দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 29 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষক সমিতির বিবৃতি

# ৬ অক্টোবর ঢাকায় শিক্ষক মহাসমাবেশ সফল করার আহ্বান

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ, মহাসচিব মোহাম্মদ সেলিম ভুঁইয়া, সহ-সভাপতিবৃন্দ মোঃ শহীদউল্লাহ (ঢাকা), কাজী আঃ রাজ্জাক (খুলনা), মুহিবুর রহমান চৌধুরী (চট্টগ্রাম), কাজী মজিবুর রহমান (বরিশাল), আনোয়ারুজ্জামান আখন্দ (রাজশাহী) ও আঃ জলিল (সিলেট) এক যুক্ত বিবৃতিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মচারীদের আগামী ৬ অক্টোবর ঢাকায় শিক্ষক-কর্মচারীদের মহাসমাবেশে উপস্থিত হওয়ার আহবান জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর আমরা শিক্ষক-কর্মচারীদের দাবী পূরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ খোদ প্রধানমন্ত্রীর নিকট বার বার অনুরোধ করেছি। কিন্তু সরকার এই বিষয়ে সম্পূর্ণ উদাসীন। উপরন্তু একটার পর একটা অন্যায় আদেশ জারি করা হয়েছে। বেসরকারী শিক্ষক-কর্মচারীদের প্রতি সরকারের অবহেলার ফলে আমরা আন্দোলনের কর্মসূচী দিতে বাধ্য হয়েছি। নেতৃবৃন্দ ২৫ থেকে ৩০ আগস্ট স্ব-স্ব এলাকার সংসদ সদস্যদের নিকট স্মারকলিপি পেশ, ১ সেপ্টেম্বর থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত থানা ও জেলা পর্যায়ে সংগ্রাম কমিটি গঠন, ৮ ও ৯ সেপ্টেম্বর যথাক্রমে থানা ও জেলা সদরে শিক্ষক, অভিভাবক, পেশাজীবী ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে যৌথ সভা, ১১ সেপ্টেম্বর কালো ব্যাজ ধারণ, ১২ সেপ্টেম্বর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২ ঘন্টা কর্মবিরতি, ১৫ সেপ্টেম্বর থানা সদরে মিছিল সহকারে টিএনও অফিসের সম্মুখে অবস্থান ধর্মঘট, ১৯ সেপ্টেম্বর জেলা সদরে মিছিল সহকারে জেলা প্রশাসকের অফিসের সম্মুখে অবস্থান ধর্মঘট, ২১ সেপ্টেম্বর জেলা পর্যায়ে সাংবাদিক সম্মেলন, ২৩ সেপ্টেম্বর জেলা সদরে প্রতীক অনশন, ২৪ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর মহাসমাবেশে উপস্থিতির জন্য প্রস্তুতি গ্রহণ, ৫ অক্টোবর ঢাকায় জাতীয়ভাবে বিশ্ব শিক্ষক দিবস পালন ও ৬ অক্টোবর ঢাকায় শিক্ষক মহাসমাবেশ সফল করার জন্য সকল শিক্ষক-কর্মচারীদের অনুরোধ করেছেন। শিক্ষক মহাসমাবেশে অবিরাম ধর্মঘটসহ আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে।